Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

**নম্বর:** A-710
**বিষয়:** শিক্ষার্থীদের জন্য সেকশন 504 সংক্রান্ত নীতি এবং পদ্ধতিসমূহ
**শ্রেণি:** শিক্ষার্থী
**ইস্যুর তারিখ:** 10 সেপ্টেম্বর, 2021

## পরিবর্তনসমূহের সংক্ষিপ্তসার

এই প্রবিধান, 20 জানুয়ারি, 2011 তারিখের চ্যান্সেলরের প্রবিধান A-710-কে হালনাগাদ এবং স্থলাভিষিক্ত করে।

পরিবর্তনসমূহ

- বরো/সিটিব্যাপী অফিস হেলথ্ ডিরেক্টরস্-এর নেটওয়ার্ক হেলথ্ লিয়াজোঁদের পদবিসমূহ হালনাগাদ করে (সেকশন IV, V, VI, VII, IX)।
- "নীতি প্রচারকরণ" (সেকশন I.B)-এর অধীনে পিতামাতাদেরকে প্রদত্ত উপকরণসমূহ হালনাগাদ করে।
- “প্যারেন্ট” পরিভাষা সংজ্ঞায়িত করে (সেকশন I.C)।
- কেন্দ্রীয় তথা সেন্ট্রাল সেকশন 504 কোঅর্ডিনেটরকে সেকশন 504 প্রোগ্রাম ম্যানেজার হিসেবে আখ্যায়িত করা হয়েছে তা সুস্পষ্ট করে (সেকশন II.A)।
- ভূমিকামূলক ভাষা হালনাগাদ করে, যেখানে DOE "কর্মসূচি বা প্রোগ্রাম" উল্লেখ করা হয়েছে, সেখানে "কর্মকাণ্ড বা অ্যাক্টিভিটি" যোগ করা হয়েছে, এবং সুস্পষ্ট করে যে স্কুল হচ্ছে একটি DOE কর্মসূচি বা প্রোগ্রাম (সারসংক্ষেপ, ভূমিকা, সেকশন III, IV, V)।
- সর্বত্র “প্রতিবন্ধিতাহীন সহপাঠী" পরিভাষাটি "যেসব সহপাঠীর প্রতিবন্ধিতা নেই" হিসেবে পরিবর্তন করা হয়েছে।
- সেকশন I-এ সেকশন 504-এর অধীনে বৈষম্যহীনতার বিজ্ঞপ্তি পিতামাতার কাছে প্রচারের বাধ্য-বাধকতা হালনাগাদ করে, এবং সেকশন VII.A.-এ অনুলিপিমূলক রেফারেন্স অপসারণ করে।
- সুস্পষ্ট করে যে সংশ্লিষ্ট DOE ডিভিশনসমূহের সাথে পরামর্শ সাপেক্ষে, সেকশন 504 প্রোগ্রাম ম্যানেজার, সেকশন II.A-এ উল্লেখিত পদ্ধতি এবং ফর্মসমূহের মানদণ্ড নির্ধারণ করে।
- আবশ্যক করে যে, স্কুল-ভিত্তিক 504 কোঅর্ডিনেটরকে অবশ্যই একজন লাইসেন্সধারী প্রশাসক (অ্যাডমিনিস্ট্রেটর), তত্ত্বাবধায়ক (সুপারভাইজার), শিক্ষক, পথনির্দেশনামূলক পরামর্শক (গাইডেন্স কাউন্সেলর), স্কুলের মনোবিদ (সাইকোলজিস্ট), অথবা সমাজ সেবামূলক কর্মী (সোশ্যাল ওয়ার্কার) হতে হবে, যিনি স্কুলে পূর্ণ-কালীন সময় (ফুল-টাইম) কাজ করবেন (সেকশন II.B)।
- সুস্পষ্ট করে যে স্কুল-ভিত্তিক 504 কোঅর্ডিনেটর অন্যান্য দায়িত্ব পালনের পাশাপাশি, সুনির্দিষ্ট প্রশিক্ষণসমূহে অবশ্যই অংশগ্রহণ করবেন (সেকশন II.B)।
- সুস্পষ্ট করে যে 504 কোঅর্ডিনেটর, স্টাফ কর্তৃক অনুরোধ পাবার পাঁচ (5) স্কুল দিবসের মধ্যে অবশ্যই পিতামাতাকে বিজ্ঞপ্তি পাঠাতে হবে (সেকশন III.A.2)।
- সুস্পষ্ট করে যে সেকশন III.A-এ উল্লেখিত ফর্মসমূহ হচ্ছে 504 সংক্রান্ত অনুরোধের ফর্ম।
- "504 দলগত সভা বা টিম মিটিং"-এর বর্ণনা থেকে "Assessment" (মূল্যনির্ধারণ) অপসারণ করেছে (সেকশন IV.B) এবং কোনও শিক্ষার্থীর সেকশন 504 যোগ্যতা নিরুপণে “evaluate” (মূল্যায়ন) - “assessment” (মূল্যনির্ধারণ)-এর স্থলাভিষিক্ত

হয়েছে (সেকশন III.A, IV)।

- 504 অনুরোধের ফর্ম এবং মেডিক্যাল ফর্মসমূহ, এবং অনুবাদ এবং/অথবা দোভাষ সংক্রান্ত পিতামাতার অনুরোধসমূহে তথ্য যোগ করে (সেকশন III.B)।
- সুস্পষ্ট করে যে স্কুল-ভিত্তিক 504 টিম, যাদের সাথেও 504 টিম-এর পরামর্শ করা উচিত, এর পাশাপাশি সেকশন 504 প্রোগ্রাম ম্যানেজার এবং হেলথ্ ডিরেক্টরগণও 504 টিমের জন্য সংস্থান বা রিসোর্স (সেকশন IV.A)।
- 504 টিম মিটিং-এর সময়রেখা (সেকশন IV.B)
    - সুস্পষ্ট করে যে 504 কোঅর্ডিনেটরকে অবশ্যই পিতামাতা কর্তৃক সূত্রপাতকৃত 504 অনুরোধ পাঁচ (5) স্কুল দিবসের মধ্যে 504 টিম মিটিং সময়সূচি করতে হবে।
    - সুস্পষ্ট করে যে, অফিস অভ স্কুল হেলথ্, প্রযোজ্য ঔষধ প্রদান সংক্রান্ত ফর্ম (মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্ম, MAF) অথবা স্বাস্থ্য পরীক্ষা অনুযায়ী চিকিৎসা সংক্রান্ত ফর্ম (মেডিক্যালি প্রেসক্রাইবড় ট্রিটমেন্ট ফর্ম) পর্যালোচনা করে থাকুক কি না থাকুক, 504 টিম মিটিং অনুষ্ঠিত হতে পারে।
    - কখন 504 টিম মিটিং অবশ্যই হতে হবে সেটার ভিত্তিতে সময়রেখা পরিবর্তিত হয়েছে।
- সুস্পষ্ট করে যে 504 কোঅর্ডিনেটর 504 টিম মিটিংয়ের অন্তত পাঁচ (5) স্কুল দিবসের আগে পিতামাতাকে অবশ্যই লিখিতভাবে স্মরণ করিয়ে দেবেন, এবং তাদেরকে 504 প্ল্যান-এর একটি প্রস্তাবিত খসড়া অন্তর্ভুক্ত করতে উৎসাহিত করা হচ্ছে (সেকশন IV.B.6)।
- সুস্পষ্ট করে যে 504 টিম প্রাসঙ্গিক মেডিক্যাল রেকর্ড বিবেচনা করে (সেকশন IV.B.7)।
- "পরিশিষ্ট A" অপসারণ করে এবং এর পরিবর্তে পাঠকদের 504 অ্যাকমোডেশন: স্টুডেন্ট অ্যান্ড ফ্যামিলি গাইড (504 বিশেষ সুবিধা: শিক্ষার্থী ও পরিবারের জন্য নির্দেশিকা) অথবা 504 অ্যাকমোডেশন (বিশেষ সুবিধা) সংক্রান্ত ওয়েবপেজের প্রতি নির্দেশনা প্রদান করে (সেকশন IV.C.2)।
- "জীবনের গুরুত্বপূর্ণ কাজকর্ম" এবং "উল্লেখযোগ্যভাবে সীমিত" সংক্রান্ত বিষয়বস্তু সংশোধন করে যা 504 বিশেষ সুবিধায়(সমূহে) শিক্ষার্থীর যোগ্যতা মূল্যায়নে 504 টিম বিবেচনা করে (সেকশন IV.C.2.c)।
- 504 টিমের জন্য তথ্য-সংস্থান বা রিসোর্স হিসেবে 504 প্রোগ্রাম ম্যানেজার সেকশনটি যোগ করেছে (সেকশন IV.C.3)।
- যোগ্যতা নির্ধারণ বিজ্ঞপ্তি সংক্রান্ত বিষয়বস্তু, সেকশন V.C থেকে সেকশন IV.C.4-এ সরিয়ে নেয়া হয়েছে।
- 504 টিমের জন্য প্রাসঙ্গিক 504 অ্যাকমোডেশন প্ল্যান টেমপ্লেট (বিশেষ সুবিধা পরিকল্পনা ছক) ব্যবহার করে 504 পরিকল্পনার খসড়া তৈরি করা বাধ্যতামূলক করে (সেকশন V.A)।
- শিক্ষার্থীকে স্বল্পতম বাধানিষেধযুক্ত পরিবেশে বিশেষ সুবিধা প্রদান সংক্রান্ত বিষয়বস্তু যোগ করে (সেকশন V.A.3)।
- ভাষা হালনাগাদ, এবং নতুন উপধারার পাশাপাশি "বিশেষ সুবিধা তথা অ্যাকমোডেশন-এর উদাহরণসমূহ" সম্পর্কিত বিষয়বস্তু যোগ করেছে (সেকশন V.B)।
- সুস্পষ্ট করে যে MAF বা মেডিক্যালি প্রেসক্রাইবড় ট্রিটমেন্ট ফর্ম (স্বাস্থ্য পরীক্ষা অনুযায়ী চিকিৎসা সংক্রান্ত ফর্ম)-এ যা উল্লেখিত আছে সেটা থেকে যদি শিক্ষার্থীর অতিরিক্ত বিশেষ সুবিধার প্রয়োজন হয়, তবে একটি 504 প্ল্যান বা পরিকল্পনাও বাধ্যতামূলক হবে, এবং আবশ্যক ফর্মগুলো হালনাগাদ করেছে (সেকশন V.B.1)।
- 504 পরিকল্পনা চূড়ান্তকরণ সংক্রান্ত বিষয়বস্তু হালনাগাদ করেছে ("বিজ্ঞপ্তি এবং সম্মতি") (সেকশন V.C)।
- শিক্ষা বছর চলাকালে DOE স্কুলগুলোতে বদলি হওয়া শিক্ষার্থীদের 504 বিশেষ সুবিধাসমূহ নথিভুক্তকরণ এবং বাস্তবায়নের প্রক্রিয়ার বিষয়বস্তু হালনাগাদ করে (সেকশন V.D)।
- "অন্য স্কুল ডিস্ট্রিক্ট অথবা প্রাইভেট বা চার্টার স্কুল থেকে ট্র্যান্সফারসমূহ" সেকশন V.E -তে নিয়ে যাওয়া হয়েছে এবং "DOE-এর নয় এমন স্কুল" শিরোনামটি এবং বিষয়বস্তু হালনাগাদ করে।
- MAF অথবা স্বাস্থ্য পরীক্ষা অনুযায়ী চিকিৎসা সংক্রান্ত ফর্ম (মেডিক্যালি প্রেসক্রাইবড় ট্রিটমেন্ট ফর্ম), এবং/অথবা 504

পরিকল্পনাযুক্ত প্রত্যাবর্তনকারী শিক্ষার্থীদের, যাদের পরবর্তী শিক্ষা বছরে স্বাস্থ্য পরিষেবা আবশ্যক হতে পারে তাদের পিতামাতার সাথে এসব বিষয় এবং পর্যায়বৃত্তিক যা যা করতে হবে সেগুলোর বার্ষিক নবায়ন প্রক্রিয়া হালনাগাদ করে এবং 504 পরিকল্পনা সমন্বয়কারী (কোঅর্ডিনেটর) অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির জন্য শর্তাবলী নির্ধারণ করে (সেকশন V.F)।

- "CSE-তে আবশ্যক রেফারেল"-কে "স্পেশাল এডুকেশন সার্ভিস"-এ পরিবর্তন করে এবং সম্পর্কিত বিষয়বস্তু (সেকশন V.G) হালনাগাদ করে।
- সেকশন II.B (সেকশন VI)-এ 504 কোঅর্ডিনেটরের হালনাগাদকৃত দায়িত্বসমূহের সাথে সামঞ্জস্যপূর্ণ রেকর্ড সংরক্ষণের শর্তাবলী হালনাগাদ করে।
- পর্যালোচনা প্রক্রিয়ার বিভিন্ন লিংক এবং ভাষা হালনাগাদ করে, এবং চ্যান্সেলরের প্রবিধান A-820 (সেকশন VII)-এ অভিসম্বন্ধ (ক্রস-রেফারেন্স) যোগ করে।
- সেকশন VIII "বিকল্প অভিযোগ প্রক্রিয়াসমূহ" যোগ করে।
- সেন্ট্রাল সেকশন 504 কোঅর্ডিনেটর (সেকশন IX)-এর যোগাযোগের তথ্য হালনাগাদ করে।

Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

**নম্বর:** A-710
**বিষয়: শিক্ষার্থীদের জন্য সেকশন 504 সংক্রান্ত নীতি এবং প্রক্রিয়াসমূহ**
**শ্রেণি:** শিক্ষার্থীবৃন্দ
**ইস্যুর তারিখ:** 10 সেপ্টেম্বর, 2021

**সারসংক্ষেপ**

1973 (29 U.S.C. § 794, 34 C.F.R. § 104)-এর পুনর্বাসন আইনের সেকশন 504-এ সংজ্ঞায়িত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী যোগ্যতায় যেসব শিক্ষার্থী DOE স্কুল এবং প্রোগ্রামে অংশগ্রহণ করছে এবং DOE প্রোগ্রাম এবং কর্মকাণ্ডে অংশ নিতে যাদের বিশেষ সুবিধা প্রয়োজন আছে তাদের জন্য এই প্রবিধান নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের নীতি এবং প্রক্রিয়ার বিবরণ দেয়।

## ভূমিকা

প্রতি শিক্ষাবর্ষে, DOE 1973 সালের পুনর্বাসন আইনের (যা সেকশন 504 অথবা 504 হিসেবেও পরিচিত) সেকশন 504-এর সংজ্ঞা অনুযায়ী যোগ্য শিক্ষার্থীদের শনাক্ত এবং মূল্যায়ন করে, যাদের প্রতিবন্ধিতা নেই এমন সহপাঠীদের সাথে সমানভাবে DOE- এর প্রোগ্রাম (এর অন্তর্ভুক্ত স্কুলও) এবং কর্মকাণ্ডে অংশগ্রহণের জন্য বিশেষ সুবিধার যৌক্তিক চাহিদা আছে। এই প্রবিধানে যেভাবে বর্ণিত, যেসব শিক্ষার্থীর এই ধরনের বিশেষ সুবিধার চাহিদা হতে পারে, তাদেরকে স্কুল-ভিত্তিক 504 টিম (নিচের সেকশন IV.A-এতে বিবরণ দেয়া আছে) কর্তৃক মূল্যায়ন করা হয় এবং, যখন সেটি যথাযথ হয়, তখন পিতামাতা কর্তৃক অনুমোদিত হয়, এবং লিখিত সেকশন 504 বিশেষ সুবিধার পরিকল্পনা (504 পরিকল্পনা) অনুযায়ী সুবিধা প্রদান করা হয় যা শিক্ষার্থী কী কী সুবিধা পাবে সেটি উল্লিখিত থাকে।

## I. নীতির বিতরণ

A. নিউ ইয়র্ক সিটির প্রতিটি পাবলিক স্কুল এবং শিক্ষামূলক প্রোগ্রাম অবশ্যই সেকশন 504-এর অধীনের DOE- এর অ-বৈষম্যের নোটিস, যাতে এই প্রবিধান সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত, তা এমন দৃশ্যমান স্থানে পোস্ট করবে যেন কর্মীগণ, পিতামাতা এবং শিক্ষার্থীদের দৃষ্টিগোচর হয়। এই বিজ্ঞপ্তিটি DOE-এর ওয়েবসাইট: https://cdn-blob-prd.azureedge.net/prd-pws/docs/default-source/default-document-library/notice-of-non-discrimination-under-504.pdf- এ প্রকাশিত আছে।

B. স্কুলগুলি অবশ্যই বার্ষিক-ভিত্তিতে ছাড়াও. অনুরোধক্রমে DOE শিক্ষার্থীদের সকল পিতামাতাকে নিচে উল্লিখিত সব সামগ্রী প্রদান করবে: সেকশন 504- অধীনে অ-বৈষম্যের নোটিস; এবং ভর্তির পরে স্কুল বছরের যেকোনো সময়ে, 504 বিশেষ সুবিধা পরিকল্পনা: স্টুডেন্ট অ্যান্ড ফ্যামিলি গাইড (শিক্ষার্থী এবং পরিবারের নির্দেশিকা) (https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/504-accommodations-student-and-family-guide -এ লভ্য) এবং নতুন

শিক্ষার্থীর সেকশন 504 সংক্রান্ত পিতামাতার প্রতি চিঠি (https://infohub.nyced.org/in-our-schools/translations/forms/health-forms-and-notices -এ লভ্য)।

C. এই প্রবিধানে যখনই "প্যারেন্ট" শব্দটি ব্যবহৃত হয়, তার অর্থ হলো শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবক, অথবা পিতামাতা স্থানীয় কোনও ব্যক্তি অথবা শিক্ষার্থীর দেখাশোনা করে এমন সম্পর্কযুক্ত কোনও ব্যক্তি, অথবা শিক্ষার্থী, যদি সে একজন স্বনির্ভর নাবালক অথবা সে 18 বছর বয়সী হয়ে থাকে।

## II. নীতি বাস্তবায়ন

এই প্রবিধান মানা হচ্ছে কিনা সেটি নিশ্চিত করতে সেন্ট্রাল এবং স্কুল স্তরে নির্ধারিত ব্যক্তিগণ থাকবেন।

A. প্রাসঙ্গিক DOE ডিভিশন, সেন্ট্রাল সেকশন 504 কোঅর্ডিনেটর, যিনি সেকশন 504 প্রোগ্রাম ম্যানেজার হিসেবেও পরিচিত, তিনি পিতামাতার কাছে সেকশন 504-এর অধিকার, সেকশন 504 রেফারেল, এবং সেকশন 504 মূল্যায়ন বিষয়সমূহ জানাতে যে মানসম্মত প্রক্রিয়া এবং ফর্ম ব্যবহৃত হবে সেগুলি প্রেসক্রাইব করবেন।

B. প্রত্যেক প্রিন্সিপ্যাল একজন স্কুল-ভিত্তিক 504 কোঅর্ডিনেটর নিয়োগ দেবেন যিনি স্কুল স্তরে এই প্রবিধানের বাস্তবায়ন তত্ত্বাবধান করবেন। স্কুল-ভিত্তিক 504 কোঅর্ডিনেটরকে অবশ্যই একজন লাইসেন্সধারী প্রশাসক (অ্যাডমিনিস্ট্রেটর), তত্ত্বাবধায়ক (সুপারভাইজার), শিক্ষক, পথনির্দেশনামূলক পরামর্শক (গাইডেন্স কাউন্সেলর), স্কুলের মনোবিদ (সাইকোলজিস্ট), অথবা সমাজ সেবামূলক কর্মী (সোশ্যাল ওয়ার্কার) হতে হবে, যিনি স্কুলে পূর্ণ-কালীন সময়। এই প্রবিধানের সাথে সমন্বিতভাবে, 504 কোঅর্ডিনেটরের দায়িত্বসমূহের মধ্য পড়ে কিন্তু এতেই সীমিত নয়:

- সেকশন 504-এর অধীনে বৈষম্যহীনতার বিজ্ঞপ্তিটি স্কুলে সকল শিক্ষার্থীর পিতামাতার দৃষ্টিগোচর হয় এমন স্থানে পোস্টিং এবং বিতরণ করবে;
- চ্যান্সেলরের প্রবিধান A-663-এ যেভাবে সংজ্ঞায়িত (অনুবাদ, https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/a-663-bengali), সেই অনুযায়ী পিতামাতাদের প্রতি সেকশন 504 সংক্রান্ত চিঠিপত্র, নোটিস, এবং অনুরোধের ফর্মসমূহ "যেসকল ভাষায় পরিষেবা দেয়া হয় সেগুলোর মাঝে" তাদের পছন্দের ভাষায় বিতরণ করা হবে;
- প্রত্যাবর্তনকারী শিক্ষার্থী যারা বিগত শিক্ষা বছর 504 বিশেষ সুবিধা লাভ করেছে তাদের পিতামাতাদের সাথে যোগাযোগ করা;
- সেকশন 504 প্রক্রিয়া সময়ানুযায়ী পরিচালনায় DOE-এর যেসব ফর্ম প্রয়োজন সেগুলি DOE-এর পাওয়া নিশ্চিত করতে পিতামাতা, স্কুল, বরো/সিটিব্যাপী অফিস, কেন্দ্রীয় কর্মী, এবং স্বাস্থ্য সেবা প্রদানকারীদের সাথে সমন্বয় সাধন;
- জমাদানের পর এবং 504 টিম মিটিংয়ের আগে পূরণকৃত 504 অনুরোধের ফর্মগুলির বিষয় নিয়ে পিতামাতার সাথে পর্যালোচনা এবং আলোচনা করা;
- বিশেষ সুবিধার অনুরোধ মূল্যায়ন করতে 504 টিমসমূহ আহ্বান করা;

- 504 পরিকল্পনা গঠন এবং চূড়ান্তকরণ তত্ত্বাবধান করা;
- স্কুল নার্সের কাছে কোনো স্কুল কর্মী যার প্রাসঙ্গিক স্বাস্থ্য-সংক্রন্ত প্রশিক্ষণের চাহিদা রয়েছে তাকে পরিচয় করিয়ে দেয়াসহ, যেকোনো বিশেষ সুবিধা ব্যবস্থার তত্ত্বাবধান করা, যেমন ডায়াবেটিস সংক্রান্ত সেবা অথবা অ্যালার্জি ঘটিত ক্ষেত্রে গৃহীত পদক্ষেপ, DOE প্রোগ্রাম এবং কর্মকাণ্ডসমূহে (এতে অন্তর্ভুক্ত স্কুল ট্রিপ) শিক্ষার্থীদের অংশগ্রহণে সহায়তা দান;
- এর মধ্যে আছে স্কুলের এই প্রবিধান বাস্তবায়নের সাথে প্রাসঙ্গিক ড্যাটা রক্ষণাবেক্ষণ করা কিন্তু এতেই সীমিত নয়:
    - 504 বিশেষ সুবিধার অনুরোধের ডক্যুমেন্টসমূহ যে তারিখগুলিতে পিতামাতার কাছে বিতরণ করা হয়েছে এবং ফেরত পাওয়া গিয়েছে:
    - যে তারিখে(গুলিতে) 504 মিটিং(সমূহ) সময়সূচি করা এবং অনুষ্ঠিত হয়েছে, এবং মিটিংয়ে অংশগ্রহণকারীদের (এতে অন্তর্ভুক্ত যারা টেলিকনফরেন্সের মাধ্যমে অংশ নিয়েছেন) নাম এবং পদবি।
    - শিক্ষার্থী সম্পর্কিত বিস্তারিত পরিচয়;
    - অনুবাদ এবং দোভাষী পরিষেবার চাহিদাসহ পিতামাতা সম্পর্কিত বিস্তারিত;
    - প্রত্যেক শিক্ষার্থীর 504 পরিকল্পনার সংরক্ষিত কপি, 504 অনুরোধের ডক্যুমেন্ট, এবং অন্য প্রাসঙ্গিক সহায়ক ডক্যুমেন্ট (উদাহরণস্বরুপ, যোগ্যতার নোটিস, উপস্থিতির শিট) সহ কোন শিক্ষার্থীদের 504 পরিকল্পনা বর্তমানে বহাল আছে;
    - অনুমোদিত বিশেষ সুবিধা বাস্তবায়নের জন্য যেসব কর্মী দায়িত্বপ্রাপ্ত তারাসহ, প্রত্যেকের বিশেষ সুবিধার অনুরোধ এবং কী নির্ধারিত হয়েছে সেইসব; এবং
    - শিক্ষার্থীর 504 পরিকল্পনার সাথে সম্পৃক্ত অথবা এর ফলে উদ্ভূত যেকোনো ঘটনার লিখিত রেকর্ড।
- DOE-এর বাধ্যতামূলক প্রাথমিক অথবা নতুন করে বার্ষিক 504 কোঅর্ডিনেটর ট্রেনিংয়ে অংশগ্রহণ, এবং শিক্ষাবর্ষ চলাকালে যেকোনো বাড়তি ট্রেনিং (স্বাস্থ্য-সংক্রান্ত ট্রেনিং এর অন্তর্ভুক্ত)।

## III. সেকশন 504 বিশেষ সুবিধা ব্যবস্থার অনুরোধ

A. স্কুল কর্মীগণ কর্তৃক উদ্যোগ গৃহীত অনুরোধ

1. কোনো শিক্ষার্থীকে যৌক্তিকভাবে প্রতিবন্ধিতাযুক্ত বলে বিশ্বাস হলে এবং তার প্রতিবন্ধিতাযুক্ত নয় এমন সহপাঠীদের সাথে সমতার ভিত্তিতে DOE প্রোগ্রাম এবং কর্মকাণ্ডে অংশগ্রহণের জন্য সেকশন 504 যেসব বিশেষ ব্যবস্থার প্রয়োজনীয়তার কথা বুঝায়, সেগুলোর চাহিদা রয়েছে বলে ধারণা হলে একটি 504 টিম কর্তৃক মূল্যায়নের জন্য স্কুল কর্মীগণ একটি অনুরোধের সূচনা করবেন। স্কুল কর্মীগণ কর্মী-উদ্যোগ গৃহীত অনুরোধের পরিবর্তে পিতামাতাদেরকে সেকশন 504-এর জন্য

অনুরোধ উৎসাহিত অথবা সেটির অনুরোধ আবশ্যিক করবে না। কর্মীগণ স্কুল-ভিত্তিক 504 কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করে অনুরোধের সূচনা করেন।

2. কর্মীগণ কর্তৃক সূচনাকৃত অনুরোধ পাবার পাঁচ (5) স্কুল দিবসের মধ্যে, 504 কোঅর্ডিনেটর অবশ্যই পিতামাতাকে DOE মিটিংয়ের সূচিভুক্ত নোটিস ব্যবহার করে লিখিতভাবে জানিয়ে দেবেন। যখন স্কুল কর্মীগণ অনুরোধের সূচনা করেন, 504 অনুরোধের ফর্মগুলি তখনও অবশ্যই শিক্ষার্থীর 504 বিশেষ সুবিধার(সমূহের) যোগ্যতা 504 টিম কর্তৃক মূল্যায়নের আগে, যেমনটি প্রযোজ্য, পিতামাতা এবং শিক্ষার্থীর স্বাস্থ্য প্রযত্ন প্রদানকারী কর্তৃক পূরণ করতে হবে। ফর্মগুলি DOE ওয়েবসাইট https://www.schools.nyc.gov/school-life/health-and-wellness/504-accommodations-এ পাওয়া যাবে।

3. পিতামাতা যদি বিশেষ সুবিধার অনুরোধের ফর্ম পূরণ করতে অথবা সেকশন 504 মূল্যায়নে সম্মতি প্রদান করতে না চান, তাহলে স্কুল কর্তৃক আর কোন পদক্ষেপ গ্রহণ করা হবে না। সম্মতির ব্যর্থতার একটি রেকর্ড রাখা হবে।

B. পিতামাতা কর্তৃক অনুরোধের সূচনা

1. প্রয়োজন হলে 504 বিশেষ সুবিধার জন্য পিতামাতার অনুরোধে শিক্ষার্থীর স্বাস্থ্য প্রযত্নপ্রদানকারীর কাছে থেকে নেওয়া সহায়ক নথি অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে, এবং লিখিতভাবে সেগুলিসহ নিচে উল্লিখিত DOE ফর্ম (504 কোঅর্ডিনেটর অথবা DOE-এর ওয়েবসাইটে লভ্য) ব্যবহার করে স্কুল-ভিত্তিক 504 কোঅর্ডিনেটরের কাছে জমা দিতে হবে হবে।

   - HIPAA স্বীকৃতিসহ রিকোয়েস্ট ফর হেলথ্ সার্ভিসেস/504 অ্যাকোমোডেশন প্যারেন্ট ফর্ম (শিক্ষার্থীর জন্য বিশেষ ব্যবস্থার অনুরোধের ফর্ম, শিক্ষার্থীর পিতামাতার দ্বারা পূরণকৃত); এবং
   - মেডিকেল অ্যাকোমোডেশন্স রিকোয়েস্ট ফর্ম (ডাক্তারি বিশেষ ব্যবস্থার অনুরোধের ফর্ম, শিক্ষার্থীর স্বাস্থ্য-সেবা প্রদানকারী কর্তৃক পূরণকৃত)।

   স্বাস্থ্য পরিষেবার অনুরোধ জানাতে, নিচের সেকশন V.B.1-এর বর্ণণা অনুসারে পিতামাতাকে অবশ্যই নিম্নলিখিত ফর্মগুলো শিক্ষার্থীর স্বাস্থ্যসেবা প্রদানকারীকে দিয়ে পূরণ করিয়ে, শিক্ষার্থীর স্কুল বিল্ডিংয়ের স্কুল নার্স/হেলথ্ কেয়ার প্রদানকারীর কাছে জমা দিতে হবে:

   - মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্ম (MAF, ওষুধ সেবনের জন্য)
   - মেডিক্যালি প্রেসক্রাইবড্ ট্রিটমেন্ট ফর্ম (ওষুধ সেবন ছাড়া)।

   504 মূল্যায়ন শুরু এবং 504 টিম মিটিং অনুষ্ঠানের জন্য এই মেডিক্যাল ফর্মগুলি আবশ্যক নয়।

2. 504 কোঅর্ডিনেটর অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি 504-সংক্রান্ত ডক্যুমেন্ট এবং পিতামাতার সাথে তথ্য বিনিময় যে চ্যান্সেলরের প্রবিধান A-663 এবং 504 কোঅর্ডিনেটর প্রশিক্ষণের বিস্তারিত নির্দেশনা মেনে চলবে সেবিষয়টি নিশ্চিতকরণের জন্য দায়ী নয়।

## IV. সেকশন 504 মূল্যায়ন প্রক্রিয়া

A. স্কুল-ভিত্তিক 504 টিম-এর গঠন

1. 504 টিম কীভাবে গঠিত হবে, স্কুল-ভিত্তিক 504 কোঅর্ডিনেটর সেটি নির্ধারণ করবেন। একটি 504 টিমে থাকবেন 504 কোঅর্ডিনেটর এবং শিক্ষার্থীর পিতামাতা, এবং সেটিতে কমপক্ষে অবশ্যই অন্তর্ভুক্ত হবেন:
    - কমপক্ষে একজন (1) ব্যক্তি যিনি শিক্ষার্থীর সক্ষমতার বিষয়ে পরিচিত;
    - ন্যূনতম একজন (1) বিশেষ সুবিধার(সমূহে) অনুরোধের সাথে সম্পৃক্ত কোনো ব্যক্তি যিনি হয় পিতামাতা না হয় স্কুল কর্তৃক প্রদত্ত রিপোর্ট অথবা মূল্যায়নের ব্যাখ্যা দিতে সক্ষম: এবং
    - কমপক্ষে একজন (1) ব্যক্তি যিনি শিক্ষার্থীর চাহিদা পূরণে লভ্য বিশেষ সুবিধা(সমূহ) সম্পর্কে জ্ঞানসম্পন্ন।
2. স্বাস্থ্য পরিষেবার অনুরোধের ক্ষেত্রে স্কুল নার্স, কিংবা অফিস অভ স্কুল হেলথ্-এর কোনো সদস্যকে (যেমন বরো নার্সিং ডিরেক্টর, নার্সিং সুপারভাইজার, ডায়াবেটিস টিম সদস্য, স্বাস্থ্যসেবা প্রদানকারীর) অবশ্যই 504 টিম-এর একজন সদস্য হতে হবে।
3. যে নির্দিষ্ট শিক্ষার্থীটিকে মূল্যায়ন করা হচ্ছে, তার চাহিদা অনুযায়ী টিম সদস্য নির্ণীত হবে এবং সেটা সকল শিক্ষার্থীরে মূল্যায়নের জন্য গঠন করা পূর্ব-নির্ধারিত একক গ্রুপ নিয়ে গঠিত হবে না। যদি টিমে পিতামাতা ব্যতীত কমপক্ষে অন্য দুইজন (2) সদস্য থাকেন যাদের একজন সবসময় 504 কোঅর্ডিনেটর হবেন, উপযুক্ত হলে এই দুইজন সদস্য কর্তৃক উপরের শর্ত পূরণ করা যেতে পারে।
4. যথাযথ কেইসগুলিতে 504 টিম বরো/সিটিওয়াইড অফিস হেলথ্ ডিরেক্টর (হেলথ্ ডিরেক্টর)-এর সাথে পরামর্শ করতে পারে, এবং যে ক্ষেত্রে নতুন কোনো বিশেষ ব্যবস্থা আয়োজন করতে অথবা বিদ্যমান বিশেষ ব্যবস্থা নবায়নের বিষয় বিবেচনার ক্ষেত্রে যদি বাড়তি আর্থিক সংস্থানের প্রয়োজন, তাহলে অবশ্যই আলোচনা করতে হবে। যদিও, কোনো শিক্ষার্থীর আবশ্যিক নির্দিষ্ট বিশেষ ব্যবস্থা লাভের সিদ্ধান্ত কড়াকড়িভাবে স্কুল-ভিত্তিক 504 টিমের এক্তিয়ারের মধ্যে পড়ে।
5. যতটা সম্ভব, অন-সাইট স্কুল কর্মীগণের 504 টিম সদস্য হিসেবে অংশগ্রহণ করা উচিত। যথাযথ কর্মীদের উদাহরণের মধ্যে পড়ে কিন্তু এতেই সীমিত নয়: ক্লাসরুম শিক্ষকবৃন্দ; স্কুল সাইকোলজিস্ট; এবং নার্সিং কর্মী। স্কুল-ভিত্তিক কর্মী যদি না পাওয়া যায় অথবা পরিষেবাদানে অযোগ্য হয় অথবা বাড়তি সংস্থানের প্রয়োজন থাকে, 504 কোঅর্ডিনেটর শিক্ষার্থীর ব্যক্তিক চাহিদা অনুযায়ী অন্য কর্মীর অংশগ্রহণের ব্যবস্থার জন্য হেলথ্ ডিরেক্টরের কাছে সহায়তার অনুরোধ জানাবেন। এই কর্মীদের অন্তর্ভুক্ত হতে পারে কিন্তু এতেই সীমিত নয়, স্বাস্থ্য সেবাদানকারী, শিক্ষানির্দেশনার বিশেষজ্ঞ, এবং প্রশাসনিক কর্মী।

B. 504 টিম মিটিং

1. অফিস অভ স্কুল হেলথ্, প্রযোজ্য অ্যালার্জি/অ্যানাফাইল্যাক্সিস, হাঁপানি, ডায়াবেটিস, সাধারণ, অথবা খিঁচুনি MAF অথবা ঔষধ প্রদান সংক্রান্ত ফর্ম (মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্ম, MAF) অথবা

স্বাস্থ্য পরীক্ষা অনুযায়ী চিকিৎসা সংক্রান্ত ফর্ম (মেডিক্যালি প্রেসক্রাইবড্ ট্রিটমেন্ট ফর্ম) পর্যালোচনা করে থাকুক কি না থাকুক, 504 টিম মিটিং অনুষ্ঠিত এবং 504 পরিকল্পনাসমূহের পর্যালোচনা হতে পারে।

2. 504 টিম মিটিংয়ের আগে, 504 টিমের একজন স্কুল-ভিত্তিক সদস্যকে অনুরোধকৃত বিশেষ সুবিধা, যেমন প্যারাপ্রোফেশনাল সার্ভিস এবং নার্সিং সার্ভিস, প্রদান করার কর্তৃত্ব আছে যে ব্যক্তির(ব্যক্তিবর্গ)-এর, তাদের সাথে পরামর্শ করতে হবে, যদি তেমন ব্যক্তি (ব্যক্তিবর্গ) 504 টিম মিটিংয়ে উপস্থিত থাকবেন না বলে জানা থাকে। 504 টিমের জন্য সেকশন 504 প্রোগ্রাম ম্যানেজার এবং হেলথ্ ডিরেক্টর হলেন সহায়-সঙ্গতি।

3. 504 টিমের অংশগ্রহণকারীগণ হয় সশরীরে অথবা বিকল্প ব্যবস্থায় যেমন টেলিকনফারেন্সের মাধ্যমে মিটিংয়ে অংশ নিতে পারেন। প্রত্যেক অংশগ্রহণকারীকে একটি সজ্ঞাত মূল্যায়নের জন্য প্রয়োজনীয় ডক্যুমেন্ট প্রদান করতে হবে।

4. 504 টিম যখন মিটিংয়ের যৌক্তিক নোটিস পিতামাতাকে প্রদান করলে এবং পিতামাতা মিটিংয়ে যোগদান না করলে বা যোগ দিতে অস্বীকৃতি জানালেও তাদের উপস্থিতি বা অংশগ্রহণ ছাড়াই বিশেষ সুবিধা সম্পর্কিত রেফারাল, মূল্যায়ন, এবং বিশেষ ব্যবস্থা শনাক্ত করার বিষয়ে টিম মিটিং করতে এবং সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে। 504 কোঅর্ডিনেটর অবশ্যই পিতামাতার কাছে প্রেরিত নোটিসের একটি রেকর্ড সংরক্ষণ করবেন এবং একটি পারস্পরিক সম্মত হওয়ার উপযোগী সময়ে এবং স্থানে পিতামাতার অংশগ্রহণের ব্যবস্থা করতে চেষ্টা করবেন। পিতামাতাকে বাদ দিয়ে কোনো মিটিং-এর আগে কমপক্ষে দুইটি (2) এই ধরনের চেষ্টার কাগজপত্র সংরক্ষিত রাখতে হবে।

5. মিটিংয়ের সময়রেখা

   504 অনুরোধ (পূরণকৃত DOE ফর্মসমূহ) পাবার পাঁচ (5) স্কুল দিবসের মধ্যে, স্কুল-ভিত্তিক কোঅর্ডিনেটর, প্রযোজ্য হলে, নিচে উল্লিখিত সময়রেখাগুলির কোন একটিতে 504 টিম মিটিংয়ের সময়সূচি তৈরি করবেন:

   a. কোনো ওষুধ খাওয়ানো বা প্রদানের ব্যবস্থা বা চিকিৎসার জন্য প্রেসক্রাইব করা চিকাৎসার অনুরোধ জানানো যাবে না: শিক্ষার্থীর 504 বিশেষ সুবিধার প্রাথমিক লিখিত অনুরোধের পূরণকৃত 504 অনুরোধের ফর্মগুলি অথবা তার 504 পরিকল্পনায় কোনো পরিবর্তনের লিখিত অনুরোধ পাবার পর, সম্ভব হলে পনেরো (15) স্কুল দিবসের মধ্যে, এবং তিরিশ (30) স্কুল দিবসের পরে নয়।

   b. ওষুধ খাওয়ানো বা প্রদান করা অথবা অনুরোধকৃত চিকিৎসাগত ব্যবস্থাপত্র অনুযায়ী চিকিৎসা এবং যেসব শিক্ষার্থীর বিশেষ সুবিধা ব্যবস্থার আবশ্যক:

      i. ফিরে-আসা শিক্ষার্থীগণ (বর্তমানে এনরোলড্ DOE শিক্ষার্থী যারা পরবর্তী বছরে একই স্কুলে থাকবে):

         লিখিত 504 অনুরোধ এবং MAF অথবা মেডিক্যালি প্রেসক্রাইবড্ ট্রিটমেন্ট ফর্ম পাবার পনেরো (15) স্কুল দিবসের মধ্যে, অথবা শিক্ষাবর্ষ শেষ হবার আগে, যেটি আগে আসে।

এই সময়সীমার মাঝে ফিরে আসা শিক্ষার্থীর পিতামাতা যদি 504 টিম মিটিংয়ে যোগ দিতে সক্ষম না হন, 504 কোঅর্ডিনেটর পরের কোনো তারিখে মিটিংয়ের সময় ঠিক করতে পারেন যখন পিতামাতা লভ্য হবেন।

ii. নতুন এনরোলড্ (এর অন্তর্ভুক্ত কোনো ভিন্ন DOE স্কুল থেকে ট্র্যান্সফার হয়ে আসা শিক্ষার্থী) এবং/অথবা নতুন রোগ-নির্ণিত শিক্ষার্থীগণ যারা:

- যারা স্কুল বছর শুরুর আগে MAF অথবা মেডিক্যালি প্রেসক্রাইবড় ট্রিটমেন্ট ফর্ম অথবা লিখিত 504 জমা দিয়েছেন: 504 কোঅর্ডিনেটর যখনই সম্ভব হবে স্কুলের প্রথম দিনের আগে একটি 504 টিম মিটিংয়ের সময়সূচি তৈরি করবেন, এবং যখন স্বাস্থ্য পরিষেবার অনুরোধ জানানো হবে, স্কুল শুরুর প্রথম দিনের পনেরো (15) দিনের পরে নয়, একটি টিম মিটিংয়ের সময় তৈরি করবেন, যদি না পিতামাতার সময়সূচির সাথে সমন্বয় করতে বাড়তি সময়ের দরকার হয়।
- শিক্ষাবর্ষে একটি MAF অথবা মেডিক্যালি প্রেসক্রাইবড় ট্রিটমেন্ট ফর্ম, অথবা লিখিত 504 অনুরোধ জমা দিয়েছে: 504 কোঅর্ডিনেটর জমাদানকৃত অনুরোধ পাবার, এবং যখন স্বাস্থ্য পরিষেবার অনুরোধ করা হয়, তার যথা সম্ভব দ্রুত একটি 504 টিম মিটিং আয়োজন করবেন, এবং সেটি MAF অথবা মেডিক্যালি প্রেসক্রাইবড় ট্রিটমেন্ট ফর্ম, অথবা স্বাস্থ্য পরিষেবার অনুরোধ পাবার পনেরো (15) স্কুল দিবসের পরে নয়, যদি না পিতামাতার সময়সূচির সাথে মানানসইকরণের জন্য বাড়তি সময় লাগে।

6. পিতামাতার কাছে মিটিংয়ের নোটিস

504 টিম মিটিংয়ের ন্যূনতম পাঁচ (5) স্কুল দিবস আগে, 504 কোঅর্ডিনেটর স্মরণ করিয়ে দেওয়ার জন্য DOE মিটিংয়ের উদ্দেশ্য, তারিখ, সময়, এবং স্থানের সূচিভুক্ত নোটিস ব্যবহার করে লিখিতভাবে শিক্ষার্থীর পিতামাতাকে জানাবেন। 504 কোঅর্ডিনেটরগণকেও এই নোটিসের সাথে যতটা সম্ভব 504 পরিকল্পনার একটি প্রস্তাবিত খসড়া পূরণ করে অন্তর্ভুক্ত করতে উৎসাহিত করা হয়।

7. টিম বিবেচনা

504 টিম শিক্ষার্থীর পিতামাতা কর্তৃক প্রদত্ত যেকোনো রিপোর্ট, মূল্যায়ন, এবং/অথবা মেডিকেল রেকর্ড (রোগ-নির্ণয়সহ) সকল লভ্য তথ্য বিবেচনায় নেবে, এর পাশাপাশি তারা শিক্ষার্থীর শৃঙ্খলাজনিত রেফারাল, স্বাস্থ্য বিষয়ক তথ্য, ভাষা জরিপ, পিতামাতার তথ্য, স্ট্যান্ডার্ডাইজড় টেস্ট স্কোর, গ্রেড, এবং শিক্ষক মতামতও বিবেচনায় নেবে।

C. যোগ্যতা নিরূপণ

1. 504 টিম অবশ্যই প্রথমে সিদ্ধান্ত নেবে শিক্ষার্থী সেকশন 504 অনুযায়ী একজন যোগ্য প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তি কিনা।
2. 504 টিম অবশ্যই 504 বিশেষ সুবিধার বিষয়ে পরামর্শ নেবে: শিক্ষার্থী প্রতিবন্ধিতাযুক্ত একজন যোগ্য শিক্ষার্থী কিনা সেটি মূল্যায়ন করতে নিচে উল্লিখিত তিন-ধাপ প্রক্রিয়া অনুযায়ী স্টুডেন্ট অ্যান্ড ফ্যামিলি গাইড অথবা 504 বিশেষ সুবিধার ওয়েবপেজ থেকে।

a. ধাপ এক - শিক্ষার্থীর কি শারীরিক অথবা মানসিক কোনো বৈকল্য আছে?

কোন শিক্ষার্থীর যদি শারীরিক অথবা মানসিক বৈকল্য না থাকে, তাহলে সে 504 পরিকল্পনা অনুযায়ী বিশেষ সুবিধা লাভের অধিকারী হতে পারে না।

b. ধাপ দুই - শিক্ষার্থীর শারীরিক অথবা মানসিক বৈকল্য কি তার জীবনের গুরুত্বপূর্ণ কাজকর্মে ব্যাঘাত ঘটাচ্ছে?

যদি কোনো শিক্ষার্থীর শারীরিক অথবা মানসিক বৈকল্য ন্যূনতম একটি গুরুত্বপূর্ণ জীবনযাপনমূলক কর্মকাণ্ডে উল্লেখযোগ্য ব্যাঘাত না ঘটায়, তাহলে সে 504 পরিকল্পনা অনুযায়ী বিশেষ সুবিধা লাভের অধিকার রাখে না।

c. ধাপ তিন - শিক্ষার্থীর গুরুত্বপূর্ণ কাজকর্ম কি উল্লেখযোগ্যভাবে সীমিত?

শিক্ষার্থী যখন তার সক্রিয় অবস্থায় থাকে, তখন তার জীবনযাপনমূলক কর্মকাণ্ডের গুরুত্বপূর্ণ দিকসমূহ উল্লেখযোগ্যভাবে সীমিত হয় কিনা, 504 টিম অবশ্যই সেটা মূল্যায়ন করবে। কোনো বৈকল্য পর্যাপ্তভাবে সীমিতকরণকারী হিসেবে বিবেচিত হতে হলে সেটাকে জীবন-যাপনের কোনো গুরুত্বপূর্ণ কাজকর্মকে রোধ করতে বা বাধাস্বরূপ হতে হবে, সেটা নয়। পর্যাপ্তভাবে সীমিতকরণ: সীমিতকরণের পর্যায় নির্ধারিত হয় ব্যক্তি ভিত্তিতে, এবং সেটা ব্যাখ্যা করা হয় সাধারণ চশমা ও কন্ট্যাক্ট লেন্স ছাড়া প্রশমনের জন্য গৃহীত অন্যান্য নিবারণমূলক ব্যবস্থার (যেমন ওষুধ, প্রস্থেটিক ডিভাইস, সহায়ক বা অ্যাসিস্টিভ ডিভাইস) উপর প্রভাব বিবেচনা না করে।

3. 504 টিমগুলি প্রয়োজন অনুযায়ী গাইডেন্সের জন্য তাদের হেলথ্ ডিরেক্টর, সেকশন 504 প্রোগ্রাম ম্যানেজার, এবং/অথবা তাদের সিনিয়র ফিল্ড কাউন্সিলরের সাথে যোগাযোগ করবে।

4. একবার নির্ধারিত হলে, স্কুল-ভিত্তিক 504 কোঅর্ডিনেটর শিক্ষার্থীর 504 বিশেষ সুবিধার যোগ্যতা সম্পর্কে 504 টিমের সিদ্ধান্ত লিখিতভাবে পিতামাতাকে জানিয়ে দেবে। নোটিসে অন্তর্ভুক্ত থাকবে এই প্রবিধানের সেকশন VII (পদ্ধতিগত যেসব প্রক্রিয়া রয়েছে সেগুলি) অনুযায়ী 504 টিম কর্তৃক গৃহীত যেকোন সিদ্ধান্ত চ্যালেঞ্জের জন্য পিতামাতার অধিকারের বিবরণ।

## V. 504 পরিকল্পনাসমূহ

504 টিম যদি নির্ধারণ করে যে শিক্ষার্থীর কোন শারীরিক অথবা মানসিক বৈকল্য রয়েছে যা তার জীবনের গুরুত্বপূর্ণ কাজকর্মে উল্লেখযোগ্য ব্যাঘাত ঘটায়, সেক্ষেত্রে টিম অবশ্যই পরবর্তীতে সিদ্ধান্ত নেবে, যদি তেমন কিছু থাকে, শিক্ষার্থীর জন্য প্রয়োজনীয় কী কী বিশেষ সুবিধার ব্যবস্থা নেয়া যেতে পারে যা তাকে তার অপ্রতিবন্ধী সহপাঠীদের সাথে সমতার ভিত্তিতে DOE প্রোগ্রাম এবং কর্মকাণ্ডে অংশগ্রহণের সুযোগ দেবে।

A. সাধারণ শর্তাবলী

1. যদি 504 টিম নির্ধারণ যে বিশেষ সুবিধার আবশ্যকতা আছে, তবে টিম শিক্ষার্থীর জন্য প্রাসঙ্গিক DOE 504 বিশেষ সুবিধা পরিকল্পনার টেমপ্লেট (504 বিশেষ সুবিধা পরিকল্পনার টেমপ্লেট, অথবা ডায়াবেটিজ 504 বিশেষ সুবিধার পরিকল্পনা টেমপ্লেট) ব্যবহার করে একটি 504 পরিকল্পনার খসড়া

করবে যা DOE বিশেষ সুবিধার ওয়েবপেজ: https://www.schools.nyc.gov/school-life/health-and-wellness/504-accommodations -এ পাওয়া যাবে।

2. বিশেষ সুবিধা সম্পর্কিত সিদ্ধান্ত শিক্ষার্থীর অবস্থা, চাহিদা, এবং সক্ষমতা, এবং DOE প্রোগ্রাম এবং কর্মকাণ্ডে অংশগ্রহণের জন্য তার সক্ষমতা কতটা তার বৈকল্যের কারণে প্রভাবিত সেসব ব্যক্তিক বিষয়ের উপর নির্ভর করে।

3. বিশেষ সুবিধাসমূহ অবশ্যই ন্যূনতম বিধি-নিষেধাত্মক পরিবেশে দিতে হবে যাতে শিক্ষার্থী তার সহপাঠী যারা প্রতিবন্ধিতাযুক্ত নয় তাদের সাথে, শিক্ষা-নির্দেশনার সীমিত সময় হারিয়ে এবং সহপাঠীদের সাথে সীমিত সময় আলাদা থেকে, সর্বোচ্চ সম্ভব মেলামেশার সুযোগ দেয়। তথ্য-উপকরণ, যেমন স্কুল নার্সের লভ্যতা, সকল শিক্ষার্থীর জন্য ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ নিশ্চিত করার ব্যাপারে যথাযথ বিবেচনা নয়।

4. নিচে যেভাবে বর্ণিত সেটি ব্যতীত অন্যভাবে না হলে, বিশেষ সুবিধার কোন অনুরোধ 504 পরিকল্পনার মধ্যমে HIPAA অথরাইজেশনসহ হেলথ্ সার্ভিসেস/সেকশন 504 বিশেষ সুবিধার পিতামাতা ফর্মে অনুরোধ এবং মেডিকেল অ্যাকোমডেশন রিকোয়েস্ট ফর্ম (যা শিক্ষার্থীর স্বাস্থ্য প্রযত্ন প্রদানকারী পূরণ করেন) জমাদান দিয়ে করা হয়।

B. বিশেষ সুবিধার উদাহরণ

1. **স্বাস্থ্য পরিষেবা**

a. যদি কোন শিক্ষার্থীর শুধুমাত্র ওষুধ খাওয়ানো এবং ওষুধ প্রদানের অথবা মেডিক্যালি প্রেসক্রাইবড্ ট্রিটমেন্টের চাহিদা থাকে, একটি MAF অথবা মেডিক্যালি প্রেসক্রাইবড্ ফর্ম (নন-মেডিকেশন) অবশ্যই পূরণ করতে হবে, কিন্তু 504 পরিকল্পনার প্রয়োজন নাও হতে পারে। যদি শিক্ষার্থীর MAF অথবা মেডিক্যালি প্রেসক্রাইবড্ ট্রিটমেন্ট ফর্মে বর্ণিত চাহিদার অতিরিক্ত বিশেষ সুবিধার প্রয়োজন হয়, তবে একটি 504 প্ল্যানও আবশ্যক হবে। প্রত্যেকটি পরিস্থিতি ভিন্ন ভিন্ন ভিত্তিতে বিবেচিত হবে। গাইডেন্সের জন্য পিতামাতাগণ স্কুল-ভিত্তিক 504 কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করতে পারেন।

b. স্বাস্থ্য পরিষেবার জন্য, শিক্ষার্থী স্বাস্থ্যসেবা প্রদানকারীকে দিয়ে নিচের ফর্মগুলি পূরণ করিয়ে, শিক্ষার্থীর স্কুল বিল্ডিংয়র স্কুল নার্স/ হেলথ্ কেয়ার প্রদানকারীর কাছে জমা দিতে হবে:

- MAF (ওষুধ খাওয়ানো এবং ওষুধ প্রদান)
- চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুসারে চিকিৎসাপ্রদানের বিধান ফর্ম(নন-মেডিকেশন): – বিশেষ পদ্ধতির যেমন ব্লাডার ক্যাথেরাইজেশন, পস্চুরাল ড্রেইনেজ, ট্রাকিয়াল সাকশনিং, গ্রাস্ট্রেনমি টিউব ফিডিং ইত্যাদির জন্য অনুরোধ করার সময় এই ফর্ম পূরণ করতে হবে। এই ফর্ম সব ধরনের দক্ষ পরিচর্যা সম্পর্কিত চিকিৎসার জন্য ব্যবহার করা যাবে।

c. যদি 504 পরিকল্পনাও আবশ্যিক হয়, পিতামাতাকে অবশ্যই HIPAA অথোরাইজেশনসহ হেলথ্ সার্ভিসেস/সেকশন 504 বিশেষ সুবিধার পিতামাতা ফর্মের জন্য অনুরোধ, এবং মেডিকেল

বিশেষ সুবিধার অনুরোধের ফর্ম (শিক্ষার্থীর স্বাস্থ্য প্রযত্ন প্রদানকারী কর্তৃক পূরণকৃত) 504 কোঅর্ডিনেটরের কাছে জমা দিতে হবে।

2. **শিক্ষা-সংক্রান্ত বিশেষ সুবিধা**

a. ক্লাসরুমে অ্যাকোমোডেশন (বিশেষ ব্যবস্থা)

স্কুলে অংশগ্রহণে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের সক্ষম করতে ক্লাসরুম পরিবেশে পরিবর্তন আনাই ক্লাসরুমে বিশেষ সুবিধার ব্যবস্থা। এই পরিবর্তনগুলির উদাহরণের অন্তর্ভুক্ত একজন শিক্ষার্থীর ক্লাসের সময়সূচিতে পরিবর্তন, ক্লাসে বসার ব্যবস্থায় পরিবর্তন, আসন ব্যবস্থায় পরিবর্তন, ক্লাস কর্মকাণ্ডে নির্দেশনা লাভের পদ্ধতিতে পরিবর্তন, নির্দিষ্ট কর্মকাণ্ড, অথবা বিরতির জন্য সময় বরাদ্দে পরিবর্তন।

b. পরীক্ষায় বিশেষ সুবিধা (জরুরি বিশেষ ব্যবস্থা এর অন্তর্ভুক্ত নয়)

পরীক্ষায় বিশেষ সুবিধা পরীক্ষার ফরম্যাটে, পরীক্ষা পরিচালনায়, অথবা উত্তরদানের পদ্ধতিতে পরিবর্তন। পরীক্ষায় বিশেষ সুবিধা বাধা অপসারণের উদ্দেশ্যে এবং পরীক্ষায় অংশগ্রহণ বৃদ্ধির জন্য করা হয়, কিন্তু যে মূল্যায়ন পরিমাপ করা হয় সেগুলির দক্ষতা অথবা বিষয়ে কোন পরিবর্তন করা হয় না।

i. পরীক্ষায় বিশেষ সুবিধা সকল পরীক্ষার জন্য, শুধুমাত্র স্টেট অথবা সিটিওয়াইড মূল্যায়ন নয়, এবং এগুলি শিক্ষার্থীর 504 পরিকল্পনার সাথে সমন্বিত।

ii. পরীক্ষায় বিশেষ সুবিধার জন্য অনুরোধ স্কুল বছরের শুরুতে করতে হবে অথবা তেমন কোন অবস্থা দেখা দেয়া মাত্র, যার কারণে এই ধরনের অনুরোধের প্রয়োজন, সেটি করতে হবে। পরীক্ষায় বিশেষ সুবিধার অনুরোধ স্টেট, সিটিওয়াইড অথবা ক্লাসরুম পরীক্ষার অব্যবহিত আগে করা যাবে না এর ব্যতিক্রম শুধু জরুরি অবস্থা (নিচে এর ব্যাখ্যা দেয়া হয়েছে)। DOE শুধু পরীক্ষায় এক ধরনের বিশেষ সুবিধার অনুমোদন দেয় যা স্টেট কর্তৃক সিটিওয়াইড টেস্টেও দেয়া হয়।

iii. পরীক্ষায় বিশেষ সুবিধার যোগ্যতা নির্ভর করে নিউ ইয়র্ক স্টেট কমিশনার অভ এডুকেশন এবং DOE কর্তৃক প্রতিষ্ঠিত প্রক্রিয়াসমূহ অনুযায়ী পরীক্ষার বিষয় এবং প্রোগ্রামের বিশুদ্ধতা রক্ষায় প্রয়োজনীয় মান বজায় রাখার উপরে। উদাহরণস্বরূপ, কমপিউটেশন টেস্টের জন্য ক্যালকুলেটর অনুমোদন একটি অনুপযুক্ত বিশেষ সুবিধা হবে কারণ এটি শিক্ষার্থীর দক্ষতা পরীক্ষায় বাধা হয়ে দাঁড়ায়। কিন্তু, একজন শিক্ষার্থীর পরীক্ষা যদি ভিন্ন একটি স্থানে নেয়া হয় সেটি গ্রহণযোগ্য।

c. জরুরি পরিস্থিতিতে পরীক্ষায় বিশেষ সুবিধা

i. স্কুল প্রিন্সিপ্যালগণ স্টেট, সিটিওয়াইড, অথবা ক্লাসরুম টেস্ট শুরুর তিরিশ দিন (30) আগের মাঝে শিক্ষার্থীদের জন্য পরীক্ষায় নির্দিষ্ট কিছু জরুরি বিশেষ সুবিধার অনুমোদন দিতে পারেন যারা স্বল্প-মেয়াদী (যেমন হাত ভেঙ্গে যাওয়া, চোখে কম দেখা) অথবা দীর্ঘ-মেয়াদী (যেমন ডায়াবেটিস, দুশ্চিন্তাগ্রস্ত) প্রতিবন্ধিতার মুখোমুখি হয় যখন সেই

প্রতিবন্ধিতার জন্য বিশেষ সুবিধা আবশ্যিক হয়ে পড়ে যাতে শিক্ষার্থী তার অপ্রতিবন্ধী সহপাঠীদের মতো সমতার ভিত্তিতে পরীক্ষায় অংশ নিতে পারে, এবং যদি শিক্ষার্থীর 504 পরিকল্পনায় অথবা ইনডিভজ্যুয়াল এডুকেশন প্রোগ্রাম (IEP) তৈরির অথবা সংশোধনের পর্যাপ্ত সময় না থাকে।

ii. নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (NYSED) এবং DOE ডিভিশন অভ অ্যাসেসমেন্ট অ্যান্ড অ্যাকাউন্ট্যাবিলিটির শর্ত অনুযায়ী, পরীক্ষায় জরুরি বিশেষ সুবিধাসমূহ অবশ্যই যেসব দক্ষতার পরীক্ষা গ্রহণ করা হয় সেগুলির উপর উল্লেখযোগ্য প্রভাব ফেলবে না, এবং সেগুলি সীমিত থাকবে: পরীক্ষায় সময়সীমা বাড়ানো; বিশেষ কোন স্থানে পরীক্ষা গ্রহণ; বিকল্প পদ্ধতিতে (যেমন স্কাইবের ব্যবহার) উত্তর রেকর্ড করা; অথবা দৃষ্টি বৈকল্যযুক্ত কোন শিক্ষার্থীকে পরীক্ষাপত্র শব্দ করে পড়ে শোনানো ইত্যাদির মধ্যে।

iii. ক্লাসরুম মূল্যায়নের জন্য পরীক্ষায় জরুরি বিশেষ সুবিধা ব্যতিরেকে, প্রিন্সিপ্যালগণ অবশ্যই তাদের DOE-র বরো অ্যাসেসমেন্ট ইমপ্লিমেন্টেশন ডিরেক্টরের সাথে প্রত্যেক শিক্ষার্থীর পরীক্ষায় জরুরি বিশেষ সুবিধার ব্যাপারে পরামর্শ করবেন। পরীক্ষায় জরুরি বিশেষ সুবিধাকে একটি অন্তবর্তীকালীন সেকশন 504 বিশেষ সুবিধা হিসেবে বিবেচনা করা হয়।

iv. স্কুল প্রশাসকদের জন্য NYSED টেস্ট ম্যানুয়েলে যেভাবে আরও বিশদ বর্ণিত আছে ( http://www.p12.nysed.gov/assessment/manuals/ সাইটে লভ্য), প্রিন্সিপ্যাল অবশ্যই পরীক্ষায় প্রদত্ত সকল জরুরি বিশেষ সুবিধার একটি রেকর্ড সংরক্ষণ করবেন, এবং স্টেট অ্যাসেসমেন্টের জন্য পরীক্ষায় প্রতিটি বিশেষ সুবিধা সম্পর্কিত একটি রিপোর্ট অবশ্যই অফিস অভ স্টেট অ্যাসেসমেন্টে ডাকযোগে, ইমেইলে অথবা ফ্যাক্সে পাঠাবে।

Director of State Assessment
State Education Department
Room 775 EBA
Albany, NY 12234
ইমেইল: emscassessinfo@nysed.gov
ফ্যাক্স নম্বর: (518) 396-5765 অথবা (518) 396-1989

v. প্রত্যেক শিক্ষার্থী যাদের পরীক্ষায় জরুরি বিশেষ সুবিধার অনুমোদন দেয়া হয়েছে, তাদের প্রিন্সিপ্যাল অবশ্যই, বিশেষ সুবিধার অনুমোদনদানের দুই (2) স্কুল দিবসের মধ্যে, শিক্ষার্থীকে হয় স্কুল-ভিত্তিক 504 কোঅর্ডিনেটরের কাছে তার অব্যাহত 504 বিশেষ সুবিধার চাহিদার মূল্যায়নের জন্য রেফার করবে, অথবা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের শিক্ষা আইন (IDEA) অনুযায়ী যথাযথ স্কুল-ভিত্তিক IEP টিমের কাছে মূল্যায়নের জন্য পাঠাবেন। উপরে সেকশন III.A-তে যেভাবে আলোচিত হয়েছে, 504 কোঅর্ডিনেটরের কাছে রেফারকৃত কেইস স্কুল কর্মী কর্তৃক উদ্যোগ গৃহীত বলে বিবেচিত হবে।

3. **অন্যান্য বিশেষ সুবিধা**

অন্য বিশেষ ব্যবস্থার অন্তর্ভুক্ত হতে পারে সহায়ক ডিভাইস বা সরঞ্জাম, বিশেষ আসবাবপত্র, ভবন অভিযোজন, এবং এলিভেটর ব্যবহার। একটি বাধা-মুক্ত ভবনের অনুরোধ জানাতে পিতামাতাদেরকে DOE অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট বা ডিরেক্টর অভ প্লেসমেন্ট ফর ডিস্ট্রিক্ট 75-এর সাথে যোগাযোগ করতে হবে।

4. **প্যারাপ্রফেশনাল**

a. প্রতিবন্ধিতার কারণে যেসব শিক্ষার্থীর কাজে সহায়তা প্রয়োজন, তারা যাতে DOE প্রোগ্রাম ও কর্মকাণ্ডে অংশগ্রহণ করতে পারে, সেজন্য প্যারাপ্রফেশন্যাল নিযুক্তি দেওয়া হয়।

b. যেসব শিক্ষার্থীর ডায়াবেটিস আছে তাদের ক্ষেত্রে: 504 টিম যখনই নির্ধারণ করে যে প্যারাপ্রোফেশনাল নিযুক্তি যথাযথ, স্কুল প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি তাৎক্ষণিকভাবে, এবং নির্ধারণের পাঁচ (5) স্কুল দিবসের মাঝে, একজন প্যারাপ্রোফেশনাল খুঁজে বার করেন যিনি ডায়াবেটিস-সম্পর্কিত প্রযত্নের কাজকর্ম যা শিক্ষার্থীর 504 পরিকল্পনায় (এবং শিক্ষার্থীর ডায়াবেটিস MAF-এর সাথে সমন্বিত) তালিকাভুক্ত সেগুলি করতে পারেন। যদি নির্ধারণের পাঁচ (5) স্কুল দিবসের মধ্যে তেমন কোনো প্যারাপ্রোফেশনালকে খুঁজে পাওয়া না যায়, প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই সহায়তার জন্য তাৎক্ষণিকভাবে সেকশন 504 প্রোগ্রাম ম্যানেজারকে জানাবেন, এবং শিক্ষার্থীর জন্য কোনো প্যারাপ্রোফেশনাল নিয়োগ করতে দশ (10) স্কুল দিবসের মধ্যে একজন প্যারাপ্রোফেশনাল খুঁজে বের করবেন।

5. **পরিবহন সুবিধা:**

চ্যান্সেলরের প্রবিধান A-801-এর সাথে সামঞ্জস্য রেখে, https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/a-801-pupil-transportation-bengali), শিক্ষার্থীরা স্কুলে যাতায়াতের জন্য 504 পরিবহন সুবিধা পাবার যোগ্য হতে পারে। এসব শিক্ষার্থীদের জন্য পরিবহনের যোগ্যতা বিষয়ের বাড়তি তথ্য অফিস অভ পিউপিল ট্রান্সপোর্টেশন (OPT)-এর ওয়েবপেজে রয়েছে: https://www.schools.nyc.gov/school-life/transportation/।

a. দীর্ঘ-মেয়াদী স্বাস্থ্যগত অবস্থা: পরিবহন-বিষয়ক বিশেষ সুবিধার (যেমন, স্কুল বাসে একের জন্য একজন তত্ত্বাবধান প্রদান করতে সীমিত সফর সময় অথবা প্যারাপ্রোফেশনাল সহায়তা) অনুরোধের জন্য, শিক্ষার্থীর পিতামাতা অবশ্যই HIPAA অথোরাইজেশনসহ হেলথ্ সার্ভিসেস/সেকশন 504 অ্যাকোমডেশনস্ প্যারেন্ট ফর্মের অনুরোধ এবং মেডিকেল অ্যাকোমডেশন রিকোয়েস্ট ফর্ম 504 কোঅর্ডিনেটরের কাছে জমা দেবেন। শিক্ষার্থীকে যদি পরিবহন বিশেষ সুবিধার অনুমোদন প্রদান করা হয়, তাকে বাসে স্কুলে আনা-নেয়া করা হবে এমন কি যদি সে সাধারণ শিক্ষা গ্রেড এবং দূরত্বের শর্ত পূরণ নাও করে।

b. অস্থায়ী স্বাস্থ্যগত অবস্থা, অথবা স্বল্প- বা দীর্ঘ-মেয়াদী সীমিত চলাচল ক্ষমতার ক্ষেত্রে: অস্থায়ী স্বাস্থ্যগত অবস্থা অথবা সীমিত চলাচল ক্ষমতার ভিত্তিতে করা অনুরোধের বেলায়,

উপরে উল্লিখিত 504 ফর্মের পরিবর্তে পিতামাতাকে অবশ্যই মেডিকেল এক্সেপশন রিকোয়েস্ট ফর্ম (যা https://www.schools.nyc.gov/school-life/transportation/bus-eligibility/exceptions-to-transportation-eligibility ঠিকানায় লভ্য) পূরণ করে OPT-তে জমা দিতে হবে।

C. নোটিফিকেশন এবং সম্মতি

1. যখনই সম্ভব 504 টিম মিটিংয়ের শেষে অথবা মিটিংয়ের পরে যত তাড়াতাড়ি সম্ভব, শিক্ষার্থীর জন্য কোনো 504 পরিকল্পনা অনুমোদন প্রদান করা হবে। কোনো 504 পরিকল্পনা যার নবায়ন 504 টিম মিটিংয়ে চূড়ান্ত হয়নি, সেগুলির জন্য 504 টিম শিক্ষা বছর শেষ হবার আগে যতটা সম্ভব পরিকল্পনাগুলি চূড়ান্ত করবে।

2. কোনো 504 পরিকল্পনা পিতামাতার লিখিত সম্মতি ব্যতিরেকে বাস্তবায়িত হবে না। স্কুল-ভিত্তিক 504 কোঅর্ডিনেটর পিতামাতার কাছ থেকে তাদের অনুমোদন এবং স্বাক্ষরের জন্য 504 পরিকল্পনার একটি কপি প্রদান করবেন।

3. পিতামাতা 504 কোঅর্ডিনেটরের কাছে স্বাক্ষরিত 504 পরিকল্পনা ফেরত দেবেন, এবং 504 কোঅর্ডিনেটর পিতামাতাকে চূড়ান্ত পূর্ণ কার্যকৃত সংস্করণের (একজন স্কুল প্রতিনিধি এবং পিতামাতা কর্তৃক স্বাক্ষরিত) একটি কপি দেবেন, এবং এই প্রবিধানের শর্ত অনুযায়ী একটি কপি সংরক্ষণ করবেন। স্বাক্ষরিত 504 পরিকল্পনা যখন কার্যকর থাকে পিতামাতার সম্মতিও তখন বৈধ থাকবে যদি না পিতামাতা লিখিতভাবে 504 কোঅর্ডিনেটরকে জানান যে তিনি সম্মতি প্রত্যাহার করেছেন।

D. স্কুল বছরে DOE স্কুলগুলির মাঝে ট্র্যান্সফার/ট্র্যানজিশন

1. শিক্ষা বছর চলাকালে

   a. যদি কোনো শিক্ষার্থী স্কুল বছর চলাকালে DOE-এর এক স্কুল থেকে অন্য কোনো স্কুলে বদলি হয়, যেই স্কুল থেকে শিক্ষার্থী বদলি হচ্ছে সেই স্কুল 504 পরিকল্পনাটি যে স্কুলে শিক্ষার্থী বদলি হচ্ছে সেই স্কুলে পাঠানো কাগজপত্রের সাথে অন্তর্ভুক্ত করবে। প্রেরণকারী স্কুলের 504 কোঅর্ডিনেটর গ্রহণকারী স্কুলের 504 কোঅর্ডিনেটরকে বর্তমান শিক্ষাবর্ষের জন্য যে 504 পরিকল্পনা কার্যকর আছে সেটি সম্পর্কে অবহিত করবেন।

   b. গ্রহণকারী স্কুল যে 504 পরিকল্পনা পেয়েছে সেটি পর্যালোচনা করবে, যতটা সম্ভব গ্রহণকারী স্কুল তাৎক্ষণিকভাবে বর্তমান স্কুল বছরের জন্য 504 পরিকল্পনার বাস্তবায়ন কার্যকর করবে।

   c. গ্রহণকারী স্কুলে যদি বিদ্যমান 504 পরিকল্পনা তাৎক্ষণিকভাবে বাস্তবায়ন সম্ভব না হয়, গ্রহণকারী স্কুলের 504 কোঅর্ডিনেটর অবশ্যই শিক্ষার্থীর পিতামাতাকে লিখিতভাবে জানাবেন কোন তারিখ থেকে বিশেষ সুবিধাগুলি প্রদান করা সম্ভব হবে বলে তারা ধারণ করছেন।

   d. গ্রহণকারী স্কুলের যদি শিক্ষার্থীর 504 পরিকল্পনা পর্যালোচনা চাওয়ার কোনো যৌক্তিক ভিত্তি থাকে, 504 কোঅর্ডিনেটর:

      i. শিক্ষার্থীর পিতামাতাকে জানাবেন যে, গ্রহণকারী স্কুল 504 পরিকল্পনায় উল্লিখিত বিশেষ সুবিধা প্রদান করতে সক্ষম হবে না, এবং এই রকম সিদ্ধান্তের কারণ ব্যাখ্যা করবে; এবং

ii. এই প্রবিধানের সাথে সমন্বিতভাবে শিক্ষার্থীকে মূল্যায়ন করতে একটি 504 টিম মিটিং আহ্বান করবেন, এবং প্রয়োজনবোধে 504 পরিকল্পনা সংশোধন করবেন।

e. যেসব শিক্ষার্থীর ওষুধ খাওয়ানো এবং প্রদানের জন্য বিশেষ সুবিধার আবশ্যিকতা আছে তাদের অনুরোধ, বিদ্যমান অথবা সংশোধিত 504 পরিকল্পনার বাস্তবায়ন অবশ্যই IV.B.1.b.ii- তে বর্ণিত সময়রেখায় হবে।

2. সর্বশেষ গ্রেড শেষে নতুন DOE স্কুলে বছর-শেষের-বদলি

a. বসন্তে, বর্তমান স্কুলের 504 টিম এই সময়ে তাদের স্কুলে শিক্ষার্থীর জন্য আবশ্যিক বিশেষ সুবিধার ভিত্তিতে যতটা সম্ভব 504 পরিকল্পনার চূড়ান্ত সিদ্ধান্ত নেয়, এবং গ্রহণকারী স্কুলের কাছে 504 পরিকল্পনাটি পাঠায়।

b. স্কুলের প্রথম দিনের আগে অথবা প্রথম দিনের পরে যত দ্রুত সম্ভব, গ্রহণকারী স্কুলের 504 টিম প্রয়োজনবোধে 504 পরিকল্পনাটি সংশোধনের আহ্বান জানায়।

E. নন-DOE স্কুল থেকে ট্র্যান্সফার

1. DOE স্কুলগুলির জন্য অটোম্যাটিকভাবে 504 পরিকল্পনা বাস্তবায়ন অথবা DOE স্কুল কর্তৃক যেসব বিশেষ সুবিধা তৈরি করা হয়নি সেগুলি প্রদান করা আবশ্যিক নয়।

2. শিক্ষাবর্ষ চলাকালীন সময়ে যেসব শিক্ষার্থী অন্য স্কুল ডিস্ট্রিক্ট অথবা কোনো প্রাইভেট বা চার্টার স্কুল থেকে ট্র্যান্সফার নেয় এবং যারা অন্য কোথাও থেকে তৈরি করা বিশেষ সুবিধা পরিকল্পনা উপস্থাপন করে অথবা DOE-এর 504 বিশেষ সুবিধার অনুরোধ জানায় তাদের এই প্রবিধানে বর্ণিত প্রক্রিয়া এবং পদ্ধতি অনুযায়ী মূল্যায়ন করা হবে, এর মধ্যে আছে সেকশন IV.B.1 বর্ণিত সময়রেখাগুলি।

3. কোনো শিক্ষার্থীর যদি অন্য স্কুল ডিস্ট্রিক্ট অথবা প্রাইভেট বা চার্টার স্কুল থেকে 504 পরিকল্পনা থাকে, ঐ পরিকল্পনা যতটা সম্ভব বাস্তবায়ন করা হবে যে পর্যন্ত না এই প্রবিধান অনুযায়ী DOE-এর 504 টিম কর্তৃক শিক্ষার্থীকে মূল্যায়ন করা হবে।

F. বার্ষিক নবায়ন

1. 504 পরিকল্পনাসমূহ স্কুল স্তরে স্কুল-ভিত্তিক 504 কোঅর্ডিনেটর কর্তৃক প্রতি বছর অবশ্যই শিক্ষাবর্ষ শেষ হবার আগে পর্যালোচিত হবে।

2. 504 কোঅর্ডিনেটর আগামী শিক্ষাবর্ষের জন্য নতুন অথবা পরিবর্তিত বিশেষ সুবিধার অনুরোধ জানানোর জন্য ব্যবহৃত 504 অনুরোধের ফর্ম পাঠাবেন, এবং তাদের সর্বশেষ 504 পরিকল্পনার একটি কপি অন্তর্ভুক্ত করে সকল পিতামাতা যাদের সন্তানদের আগের স্কুল বছরে 504 পরিকল্পনা ছিল তাদের কাছে সেগুলি পাঠাতে উৎসাহিত করা হচ্ছে।

3. যদি প্রথমেই স্বাস্থ্য সেবাদানকারী তার প্রতিবন্ধিতা নির্ণয় করে থাকেন বা তার প্রতিবন্ধিতার জন্য নিয়মিত স্বাস্থ্যসেবার হস্তক্ষেপ দরকার হয়, শিক্ষার্থীর স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছে প্রতি বছরে অবশ্যই একটি নোট লাগবে যেখানে উল্লিখিত থাকবে যে, শিক্ষার্থীর বিশেষ সুবিধা চাহিদা রয়েছে।

4. MAF অথবা মেডিক্যালি প্রেসক্রাইবড্ ট্রিটমেন্ট ফর্ম, এবং/অথবা 504 পরিকল্পনাযুক্ত সকল ফিরতি শিক্ষার্থীর জন্য, যাদের পরবর্তী শিক্ষাবর্ষে স্বাস্থ্য পরিষেবা আবশ্যিক হতে পারে তাদের ক্ষেত্রে: 504 কোঅর্ডিনেটর অথবা তার পদে নিযুক্ত ব্যক্তি ইতিবাচকভাবে পিতামাতাকে আগামী শিক্ষাবর্ষের জন্য একটি 504 অনুরোধ (নতুন অথবা পরিবর্তিত বিশেষ সুবিধার অনুরোধ জানাতে), অথবা সংশোধিত MAF অথবা মেডিক্যালি প্রেসক্রাইবড্ ফর্ম যতটা সম্ভব শীঘ্র এবং বর্তমান স্কুল বছর শেষ হবার আগে জমাদানের কথা মনে করিয়ে দিতে যোগাযোগ করবেন, এবং যদি বিশেষ সুবিধা বিষয়ে চাহিদা থাকে, তাহলে বর্তমান শিক্ষাবর্ষ শেষ হবার আগে 504 টিম মিটিং করার জন্য সময়সূচি আলোচনা করতে।

5. যদি শিক্ষার্থীর 504 পরিকল্পনায় কোনো পরিবর্তনের প্রয়োজন না থাকে, পিতামাতা কখন স্বাক্ষরকৃত 504 পরিকল্পনা 504 কোঅর্ডিনেটরের কাছে ফেরত দেবেন এবং স্কুল প্রতিনিধি 504 পরিকল্পনা স্বাক্ষর করবেন সে ব্যাপারে পূর্ণ 504 টিমের আহ্বান ছাড়া পরবর্তী শিক্ষাবর্ষের জন্য 504 পরিকল্পনা পুনরায় গৃহীত হবে। 504 কোঅর্ডিনেটর নিশ্চিত করবেন যে, চূড়ান্ত 504 পরিকল্পনা পিতামাতা এবং সকল পক্ষের কাছে যারা এর বাস্তবায়নের দায়িত্বে আছেন তাদের কাছে বিতরণ করা হবে। যদি 504 কোঅর্ডিনেটর, অথবা পিতামাতাসহ 504 টিমের অন্য সদস্য(গণ), ইঙ্গিত দেন যে 504 পরিকল্পনায় পরিবর্তন আবশ্যক, তাহলে 504 পরিকল্পনা পরিবর্তনের করতে একটি পূর্ণ 504 টিম অবশ্যই আহ্বান করতে হবে।

G. স্পেশাল এডুকেশন সার্ভিসেস

IDEA-এর সংজ্ঞা অনুযায়ী কোনো শিক্ষার্থীর প্রতিবন্ধিতা থাকার কারণে স্পেশাল এডুকেশন সার্ভিসের (বিশেষ শিক্ষা পরিষেবা) চাহিদা থাকতে পারে যা তার শিক্ষণের উপর প্রভাব ফেলছে। কিছু শিক্ষার্থী যাদেরকে সেকশন 504 বিশেষ সুবিধার জন্য রেফার করা হয় তাদের IEP-এর মাধ্যমে স্পেশাল এডুকেশন পরিষেবার চাহিদা থাকতে পারে। এই পরিস্থিতিতে, 504 টিম শিক্ষার্থীকে মূল্যায়নের জন্য স্কুল-ভিত্তিক IEP টিম অথবা ডিস্ট্রিক্ট কমিটি অন স্পেশাল এডুকেশনে রেফার করবে।

## VI. রেকর্ড সংরক্ষণ

A. প্রতি শিক্ষাবর্ষের জন্য প্রত্যেক শিক্ষার্থীর 504 পরিকল্পনার একটি কপি শিক্ষার্থীর সংগৃহীত রেকর্ডে অবশ্যই সংরক্ষণ করতে হবে, যাতে শিক্ষার্থী স্কুল পরিবর্তন করলে সেগুলি তার সাথে ট্রান্সফার করা যায়। 504 পরিকল্পনা শিক্ষার্থী যে DOE স্কুলে পড়ছে সেখানে অবশ্যই ট্রান্সফার করতে হবে।

B. উপরের সেকশন II.B-তে বর্ণিত রেকর্ডকিপিং ছাড়াও, স্কুল-ভিত্তিক 504 কোঅর্ডিনেটরগণ অবশ্যই প্রতিটি লিখিত অনুরোধের রেকর্ড অটোমেট দ্য স্কুলস্ (ATS)-এ সংগৃহীত রাখবেন। এর অন্তর্ভুক্ত সকল লিখিত অনুরোধ, শুধু ঐগুলি নয় যেগুলির জন্য সর্বশেষে বিশেষ সুবিধার আবশ্যকতা নির্ধারিত হয়। ড্যাটা রেকর্ডে থাকবে, ন্যূনতম:

- 504 অনুরোধের তারিখ;
- গৃহীত পদক্ষেপ; এবং
- পদক্ষেপ গ্রহণের তারিখ।

C. স্কুল-ভিত্তিক 504 কোঅর্ডিনেটর অবশ্যই সকল 504-এর অনুরোধ, চূড়ান্ত 504 পরিকল্পনা, এবং সম্পর্কিত কাগজপত্র সেকশন 504 প্রোগ্রাম ম্যানেজারের কাছে পাঠাবেন যা 504 কোঅর্ডিনেটর ট্রেনিংয়ের নির্দেশনার সাথে সমন্বিত হবে।

## VII. পর্যালোচনা পদ্ধতি

A. প্রাসঙ্গিক রেকর্ডপত্র পরীক্ষার সুযোগ

চ্যান্সেলরের প্রবিধান A-820 (শিক্ষার্থীর রেকর্ডের গোপনীয়তা এবং প্রকাশ; রেকর্ড সংরক্ষণ, https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/a-820-bengali), অনুযায়ী পিতামাতাদের অধিকার রয়েছে তাদের সন্তানের রেকর্ডসমূহ যা 504 পরিকল্পনা রেফারাল, মূল্যায়ন, প্রণয়ন, এবং বাস্তবায়নের সাথে সম্পর্কিত সেগুলি পরীক্ষা করার।

B. অভিযোগসমূহ

1. পিতামাতাগণ নিচে উল্লিখিত কাজগুলির মধ্য দিয়ে 504 পরিকল্পনার রেফারেল, মূল্যায়ন, প্রণয়ন, এবং বাস্তবায়ন সম্পর্কে অভিযোগের উদ্যোগ গ্রহণ করতে পারেন:

   a. শিক্ষার্থী যে স্কুলে যায় সেটি যেই বরো-তে অবস্থিত সেখানকার হেলথ্ ডিরক্টরকে অনুরোধ জানিয়ে, (https://auth-infohub.nyced.org/docs/default-source/default-document-library/health-director-contacts.pdf) যেন তিনি স্কুল-ভিত্তিক 504 কোঅর্ডিনেটর অথবা স্কুল-ভিত্তিক 504 টিম কর্তৃক গৃহীত সিদ্ধান্তটি পর্যালোচনা করেন। এই ধরনের অনুরোধ পিতামাতা সিদ্ধান্তটি, যা চ্যালেঞ্জ করা হচ্ছে, সেটির লিখিত নোটিস পাবার দশ (10) স্কুল দিবসের মধ্যে লিখিতভাবে করতে হবে। পর্যালোচনার জন্য এই ধরনের অনুরোধ পাবার পনেরো (15) স্কুল দিবসের মধ্যে, হেলথ্ ডিরেক্টর একটি লিখিত সিদ্ধান্ত ইস্যু করবেন; এবং/অথবা

   b. যদি পিতামাতা মনে করেন যে শিক্ষার্থীর প্রতিবন্ধিতার ভিত্তিতে কোনো বৈষম্য ঘটেছে, সেক্ষেত্রে তিনি চ্যান্সেলরের প্রবিধান A-830 (বৈষম্যের অভ্যন্তরীণ অভিযোগ জমাদানের জন্য বৈষম্য-বিরুদ্ধ নীতি এবং পদ্ধতিসমূহ, https://www.schools.nyc.gov/about-us/policies/chancellors-regulations/volume-a-regulations/3)অনুযায়ী DOE-এর অফিস অভ ইক্যুয়াল অপরচুনিটি অ্যান্ড ডাইভার্সিটি ম্যানেজমেন্টের কাছে একটি অভিযোগ দায়ের করবেন।

2. উপরের সেকশন VII.B.1.a-তে বর্ণিত পর্যালোচনার জন্য কোনো অনুরোধের জবাবে পিতামাতা হেলথ্ ডিরেক্টরের যেকোনো বিপরীত নির্ধারণ বা সিদ্ধান্তের সমাধানে একটি নিরপেক্ষ হিয়ারিংয়ের অনুরোধ জানাতে পারেন। এই ধরনের অনুরোধ অবশ্যই সিদ্ধান্তটি লিখিতভাবে পিতামাতা পাবার দশ (10) স্কুল দিবসের মধ্যে এখানে করতে হবে: Impartial Hearing Office, New York City Department of Education, 131 Livingston Street, Room 201, Brooklyn, NY 11201 অথবা IHOQuest@schools.nyc.gov। এই রকম নিরপেক্ষ হিয়ারিংয়ে, পিতামাতার উপর ভার পড়ে হেলথ্ ডিরেক্টরের সিদ্ধান্ত যে যথাযথ নয় সেটি প্রমাণ করার।

## VIII. বিকল্প অভিযোগ পদ্ধতি

এসব অভ্যন্তরীণ প্রক্রিয়া একজন ব্যক্তির অন্য উপায়ে সাহায্য লাভের অধিকার খর্ব করে না, যার অন্তর্গত নিচে উল্লিখিত কোনো বহিরাগত সংস্থায় অভিযোগ দায়ের করা।

- U.S. ডিপার্টমেন্ট অভ এডুকেশন, অফিস ফর সিভিল রাইটস
- নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অভ হিউম্যান রাইটস্
- নিউ ইয়র্ক সিটি কমিশন অন হিউম্যান রাইটস্

এসব সংস্থায় অভিযোগ দায়েরের সময়সীমা ভিন্ন ভিন্ন হতে পারে।

## IX. অনুসন্ধান

স্কুল স্তরে সেকশন 504 বিশেষ সুবিধা সংক্রান্ত অনুসন্ধান স্কুল-ভিত্তিক 504 কোঅর্ডিনেটরের কাছে করতে হবে।

এই প্রবিধান সম্পর্কিত অনুসন্ধান সেকশন 504 প্রোগ্রাম ম্যানেজার অথবা হেলথ্ ডিরেক্টরের (https://auth-infohub.nyced.org/docs/default-source/default-document-library/health-director-contacts.pdf -এ তালিকাভুক্ত) কাছে করতে হবে:

Section 504 Program Manager

Office of School Health

110 William Street, 15th Floor

New York, NY 10038

ফোন: (212) 287-0354

ইমেইল: 504Questions@schools.nyc.gov

বাড়তি তথ্যের জন্য, নিচের রিসোর্সসমূহ দেখুন:

- DOE 504 বিশেষ সুবিধার ওয়েবপেজ: https://www.schools.nyc.gov/school-life/health-and-wellness/504-accommodations
- DOE হেলথ্ সার্ভিস ওয়েবপেজ: https://www.schools.nyc.gov/school-life/health-and-wellness/health-services
- DOE হেলথ্ ফর্মস্ এবং নোটিসের ওয়েবপেজ: https://infohub.nyced.org/in-our-schools/translations/forms/health-forms-and-notices
- 504 বিশেষ ব্যবস্থা: শিক্ষার্থী ও পরিবারের গাইড: https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/504-accommodations-student-and-family-guide
- U.S. ডিপার্টমেন্ট অভ এডুকেশন, অফিস ফর সিভিল রাইটস্, প্যারেন্ট অ্যান্ড এডুকেটর রিসোর্স গাইড টু সেকশন 504 ইন পাবলিক এলিমেন্টারি অ্যান্ড সেকেন্ডারি স্কুলস্: https://www2.ed.gov/about/offices/list/ocr/docs/504-resource-guide-201612.pdf